Sanatan Dharma

**সময়জ্ঞান কাকে বলে ?**

সময়জ্ঞান কাকে বলে ?
উত্তর:-
একজন সাধারণ সুস্থ মানুষ নিয়মিত পূর্ণ 1 বার নিঃশ্বাস এ 2 সেকেন্ড + 1 বার প্রঃশ্বাস এ 2 সেকেন্ড = 4 সেকেন্ড লাগে ।
এই 4 সেকেন্ডকে শাস্ত্র মতে 1 প্রাণ বলেছে অর্থাৎ 4 সেকেন্ড= 1 প্রাণ ।
4 সেকেন্ড=1 বার নিঃশ্বাস+1 বার প্রঃশ্বাস=1 প্রাণ (1 টি পূর্ণশ্বাস ধরা হয় )
তাহলে ...
4 সেকেন্ড=1 প্রাণ
60 সেকেন্ড = 1 মিনিট =15 প্রাণ
60 মিনিট = 1 ঘন্টা = (60×15)=900 প্রাণ
24 ঘন্টা = 1 অহোরাত্র (দিন+রাত) = (24× 900)= 21600 প্রাণ
অর্থাৎ
1 অহোরাত্র = 21600 প্রাণ --> ইহাকেই ( 21600 ) শাস্ত্রে প্রাণের গণনার ধ্রুবক সংখ্যা বলে । ইহার দ্বারা ইহ জীবনে কে কত প্রাণ সংখ্যা পেয়েছে বা তার আয়ু এই প্রাণের গণনার ধ্রুবক সংখ্যা দিয়ে নির্ণয় করা যায় ।
তাহলে যে কোনো লোকের আয়ু তারই প্র্রারাদ্ধ কর্ম অনুসারে নিদিষ্ট হয়ে থাকে ।
অর্থাৎ আমাদের প্রত্যেকের নিজের নিজের প্র্রারাদ্ধ কর্ম অনুসারে অটলভাবে নিদিষ্টকাল পর্যন্ত নিজের রক্ত-মাংসের শরীরে প্রাণধারণের সীমা থাকে তাকেই আয়ু বলে । তাই আয়ুর গণনা যোগে শাস্ত্রে প্রাণের গণনার ধ্রুবক সংখ্যা 21600 দিয়ে করা হয় । কারণ প্রাণ ই একমাত্র আয়ুর ধারক ।
তাই জানা গেলো যে আমাদের প্রত্যেকের আয়ুকাল অটল ।
তাই শাস্ত্রানুসারে আমাদের প্রত্যেকের নিজের নিজের আয়ুকাল এর মধ্যে ঈশ্বর প্রদত্ত সব কর্ম সম্পন্ন করতে হবে । তাই প্রতিটি কর্ম ও বিষয় এর জন্যে কতটা সময় লাগা কমম্পক্ষে প্রয়োজন সেটা জেনে সেই সময়ের মধ্যে যিনি কর্ম করতে পারেন তাকেই শাস্ত্রে সময়জ্ঞান বলে ।
যিনি সময় এর গুরুত্ব বুঝেই কর্ম করেন তার কর্ম সফলতা প্রাপ্ত হয় । আর সময়জ্ঞান হীন ব্যাক্তি কোনো কাজেই সফল হতে পারেন না ।
তাই শাস্ত্রে সময়জ্ঞান অতি প্রয়োজন ।

Published on: Nov, 23 2023 10:10